



করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাব রোধে জনসচেতনতা মূলক তথ্যাবলি

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধে করণীয়



১

ঘন ঘন দুই হাত সাবান পানি দিয়ে
কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ পরিষ্কার
করুন।



২

যেখানে সেখানে
কফ ও থুতু ফেলবেন না। হাত
দিয়ে নাক, মুখ ও চোখ স্পর্শ
থেকে বিরত থাকুন।



করোনাভাইরাস (কোভিড-১৯)
এর লক্ষণসমূহ

হাঁচি-কাশির সময়ে টিস্যু অথবা
কাপড় দিয়ে বা বাহুর ভাঁজে
নাক-মুখ ঢেকে ফেলুন।
ব্যবহৃত টিস্যু ঢাকনায়ুক্ত
ময়লার পাত্রে ফেলুন ও হাত
পরিষ্কার করুন।



করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত দেশ হতে আসার অথবা আক্রান্ত ব্যক্তির
সংস্পর্শে আসার ১৪ দিনের মধ্যে উপরের যে কোনো লক্ষণ দেখা দিলে-

- ✓ নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন
- ✓ সুস্থ ব্যক্তি হতে ৩ ফুট দূরত্ব বজায় রাখুন
- ✓ আইইডিসিআর- এর হটলাইন নম্বরে যোগাযোগ করুন



করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত দেশ থেকে ফেরা বাংলাদেশের নাগরিকদের স্বাস্থ্যসেবা প্রসঙ্গে

আক্রান্ত দেশ থেকে যদি কেউ
এসে থাকেন এবং যাদের মধ্যে
(কোভিড-১৯) রোগের কোন
লক্ষণ দেখা যায়নি, তারা
মোট ১৪ দিন ধরে স্বেচ্ছা
কোয়ারান্টাইনে থাকবেন।



আক্রান্ত দেশ থেকে যদি কেউ এসে
থাকেন এবং বাংলাদেশে অবস্থানের
১৪ দিনের মধ্যে (কোভিড-১৯)
রোগের লক্ষণ দেখা দেয় তবে
তাৎক্ষণিক ভাবে আইইডিসিআর
হটলাইনে ফোন করবেন।

আইইডিসিআর-এর হটলাইন নম্বরে: ০১৯৩৭ ১১০০১১, ০১৯৩৭ ০০০০১১, ০১৯২৭ ৭১১৭৮৪, ০১৯২৭ ৭১১৭৮৫ ও স্বাস্থ্য বাতায়ন-১৬২৬৩



স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

